



**কেবল প্রশান্তি বেলা অ-বেলায়  
কাইউম পারভেজ**

শুভ নববর্ষ ।

হে প্রতিপালক আমার  
জীবন মরণের প্রভূ -  
কৃতজ্ঞতা অশেষ তোমাকে  
সুযোগ দিলে আমাকে  
নববর্ষের শুভেচ্ছা দিতে  
বন্ধু স্বজন সর্বাইকে আবার ।

এই আমি কী তাই দিতে পারতাম  
যদি থাকতাম  
সেই বাসটিতে যেখানে  
মানুষ স্বপ্ন ভালবাসা রাজনীতি অর্থনীতি  
সব পোড়ে একসাথে !  
চাপাতির ফলা তাড়া করে ফেরে  
মুক্তমনা মানুষ । যেখানে  
সাম্প্রদায়িকতাহীন ভালবাসার  
পঙ্ক্তিমালা সাজানো থরে থরে ।

এই আমি কী তাই দিতে পারতাম  
যদি থাকতাম  
সেই বাসটিতে যেখানে  
চালকের আসনে হেঁস্লার !  
রাতের আঁধারে যমদূতের সাথে পাল্লা যার ।  
দশ বিশ পঁচিশ তিরিশ মারছে দেদার ।  
ট্র্লার ও লঞ্চে বাহাদুরীর ধাক্কাধাকি  
নিয়ে নেয় শতপ্রাণ জবাবদীহি নাই করবার ।

এই আমি কী তাই দিতে পারতাম  
যদি থাকতাম  
সেই হাসপাতালে যেখানে  
শ্যায়া আছে আঁধার আছে  
আশার আলো আছে টিমটিম  
আছে কঁজন চিকিৎসকের ঘর  
নেই কোন ওষুধ পথ্য চিকিৎসকের খবর ।  
সাতদিনের লড়াইয়ে ছেলেটি হেরে গেল  
নববর্ষের ঠিক আগে ।

হে প্রতিপালক আমার  
জীবন মরণের প্রভূ  
কৃতজ্ঞতা অশেষ তোমাকে  
সুযোগ দিলে আমাকে  
বন্ধু স্বজন সর্বাইকে আবার ।



নববর্ষের শুভেচ্ছা দিতে  
হে প্রতিপালক আমার  
জীবন মরণের প্রভৃ  
রেখো সেই পোড়া ডোবা শকট শবদের  
নববর্ষের মেলায়  
সূর্য ডোবে না সেথায়  
শান্তিতে প্রাণটা যেথা জুড়ায় ।

বাবা মা গেছেন তো সেই কবে  
নববর্ষে কিছু বলার সুযোগ নেই আর  
হে প্রতিপালক আমার  
জীবন মরণের প্রভৃ  
রেখো তাঁদের সেই নববর্ষের মেলায়  
সূর্য ডোবে না যেথায়  
কেবল প্রশান্তি বেলা অ-বেলায় ।